সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
( দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা )
www.tangail.gov.bd

স্মারক নং- ৫১.০১.৯৩০০.০০০.৪২.০৫৩.২৫-১১৬

তারিখ: ১৩ ফাল্গুন -১৪৩২ / ২৬ ফেব্রুয়ারী-২০২৬

বিষয় : ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদঅর্থ) কর্মসূচির আওতায় ২য় কিস্তিতে পৌরসভা ভিত্তিক প্রকল্প বাস্তবায়নের জন্য নগদ অর্থ উপ-বরাদ্দ প্রদান।

সূত্র : ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ০২ ডিসেম্বর-২০২৫ তারিখের ৫১.০১.০০০০.০১২.১৪.০০৪.২৫-১২৫ নং স্মারক
২। প্রশাসক, ধনবাড়ী, পৌরসভা এর স্মারক নং-ধন/পৌর/০৫, তারিখ: ১২/০১/২০২৬ খ্রিঃ।
৩। প্রশাসক, গোপালপুর, পৌরসভা এর স্মারক নং-গোঃপৌঃ/প্রকৌ-১/ বিভিল/২০২৫-২০২৬/৬৩, তারিখঃ ১০/০২/২০২৬ খ্রিঃ।
৪। প্রশাসক, বাসাইল, পৌরসভা এর স্মারক নং-বাসা:পৌর/প্রকৌঃ/২০ ৬/৩৬১, তারিখঃ ১৭/১২/২০২৫ খ্রিঃ।
৫। প্রশাসক, সখিপুর, পৌরসভা এর স্মারক নং-সপৌ/প্রশা:/০১-০৬/২০ /৪৮৬/০১, তারিখঃ ১০/১২/২০২৫ খ্রিঃ।
৬। প্রশাসক, এলেঙ্গা, পৌরসভা এর স্মারক নং-এলেন-পৌর/প্রকৌ:/২০ /১২২, তারিখঃ ০৫/০২/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-নগদ অর্থ) কর্মসূচির আওতায় পৌরসভাওয়ারী সাধারণ খাতে ২য় কিস্তিতে বরাদ্দকৃত অর্থ দ্বারা গৃহীত ও অনুমোদিত প্রকল্পের কাজ জরুরি ভিত্তিতে শুরু করে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে বরাদ্দ পত্রের শর্তাবলী এবং সর্বশেষ টিআর কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ ও সংশোধিত নির্দেশিকা-২০২৫ যথাযথভাবে অনুসরণ পূর্বক প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত পরিমাণ অর্থ উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে নির্দেশক্রমে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

এ ব্যয় ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট কোড নং-১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

| ক্র নং | পৌরসভার নাম | বরাদ্দকৃত অর্থের পরিমাণ | গৃহীত প্রকল্প সংখ্যা | বর্তমানে উপ-বরাদ্দকৃত অর্থ | পূর্বে অনুমোদিত প্রকল্প সংখ্যা | পূর্বে অনুমোদিত অর্থ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ধনবাড়ী | অর্থ-১১,৬৩,১১৯.৯৭ | ০৯ (নয়) টি | অর্থ-১১,৬৩,১১৯.৯৭ | ০০ | -- |
| ০২ | গোপালপুর | অর্থ-১১,৯৭,৬৫৬.৬৯ | ০৪ (চার) টি | অর্থ-৬,৪৭,৬৫৬.৬৯ | ০২ টি | অর্থ-৫,৫০,০০০.০০ |
| ০৩ | বাসাইল | অর্থ-৭,১১,৩৫৯.৪০ | ০৫ (পাঁচ) টি | অর্থ-৭,১১,৩৫৯.৪০ | ০০ | -- |
| ০৪ | সখিপুর | অর্থ-৭,৩৭,৯১৮.৭৬ | ০৫ (পাঁচ) টি | অর্থ-৭,৩৭,৯১৮.৭৬ | ০০ | -- |
| ০৫ | এলেঙ্গা | অর্থ-১৫,৫০,২৭৫.৯৭ | ০৫ (পাঁচ) টি | অর্থ-১৫,৫০,২৭৫.৯৭ | ০০ | -- |
| | | সর্ব মোটঃ | ২৮ (আটাশ) টি | | ০২ টি | -- |

উক্ত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ এবং নীতিমালা অনুসরণ করতে হবে:

০১। ২০২৫- ২০২৬ অর্থ বছরের পৌরসভাওয়ারী ২য় কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন আগামী ৩১/০৩/২০২৬ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

০২। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে প্রকল্পের বাস্তবতা যাচাই-বাছাই পূর্বক বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে।

০৩। ১ম কিস্তির মাষ্টারোল সমন্বয় পূর্বক ২য় কিস্তিতে অর্থ ছাড় করতে হবে। অনুরূপ ভাবে চূড়ান্ত কিস্তির মাষ্টাররোল সমন্বয় পূর্বক চূড়ান্ত শেষ কিস্তির অর্থ ছাড় করতে হবে।

০৪। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান, টিআর কর্মসূচির নির্দেশিকা-২০২১ ও সংশোধিত নির্দেশিকা-২০২৫ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৫। এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টি, আর কর্মসূচির নির্দেশিকার ০৪ নং অনুচ্ছেদ যথাযথ অনুসরণ করতে হবে।

০৬। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মোত্তর জরীপের একটি তুলনা করা সম্ভব হয়, গৃহীত প্রকল্প বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করা।

০৭। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেওয়াসহ দেশের প্রচলিত আইনবিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৮। প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারী কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা।

০৯। বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।

১০। বরাদ্দকৃত অর্থ ব্যয়ে কোন অনিয়ম বা অপচয় ঘটলে উহার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তা/ব্যক্তিবর্গকে বহন করতে হবে।

চলমান পাতা-০২-

১১। প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে তাঁর প্রতিনিধি দ্বারা প্রকল্পগুলোর সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে।

১২। এ বরাদ্দের অর্থ দিয়ে বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয়/জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়ন করা যাবে এবং এ ক্ষেত্রে বে-সরকারী প্রতিষ্ঠানের ন্যায় ধর্মীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত প্রকল্পের ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।

১৩। কোন প্রকল্প ভুয়া হিসাবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনতে হবে।

১৪। নিরীক্ষার জন্য প্রকল্প নথিতে প্রকল্প ছক, মাপ বহি, লেভেল বহি, বিল/ ভাউচার ও মাষ্টার-রোল তার দপ্তরের দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় সংরক্ষণ করতে হবে।

সংযুক্তি: ১. অনুমোদিত প্রকল্প তালিকা....... প্রস্থ।

২৬/০২/২০২৬

মোঃ আকতারুজ্জামান
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
টাঙ্গাইল
☏০২৯৯৭৭১৪৪৩০
drrotangail@ddm.gov.bd

উপজেলা নির্বাহী অফিসরার,
ধনবাড়ী, গোপালপুর, বাসাইল, সখিপুর ও কালিহাতি, টাঙ্গাইল।

২৬/০২/২৬

স্মারক নং- ৫১.০১.৯৩০০.০০০.৪২.০৫৩.২৫-১১৬

তারিখ: ১৩ ফাল্গুন -১৪৩২ / ২৬ ফেব্রুয়ারী-২০২৬

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকাবিভাগ, ঢাকা।
০৪। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, খাদ্য ভবন-১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০। তাঁকে উপরোক্ত উপজেলাওয়ারী বিভাজনকৃত অর্থ আইবাস++ এ আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। প্রশাসক, ধনবাড়ী, গোপালপুর, বাসাইল, সখিপুর, এলেঙ্গা, টাঙ্গাইল।
০৭। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, টাঙ্গাইল।
০৮। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধনবাড়ী,গোপালপুর, বাসাইল,সখিপুর, কালিহাতি, টাঙ্গাইল।
১০। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, ধনবাড়ী,গোপালপুর, বাসাইল,সখিপুর, কালিহাতি, টাঙ্গাইল।
১১। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল। তাঁকে উপ-বরাদ্দ পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১২। অফিস নথি।

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
টাঙ্গাইল।

# এলেঙ্গা পৌরসভা কার্যালয়

কালিহাতী, টাঙ্গাইল।

২০২৫-২০২৬ অর্থ বছরে "গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর)" কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে পৌরসভাওয়ারী প্রকল্পের তালিকা ঃ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | ওয়ার্ড নং | বরাদ্দকৃত অর্থ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | এলেঙ্গা পৌরসভাধীন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ২৩,২৫,২৬,২৭,২৮,২৯,৩০,৩১ নং ভোট কেন্দ্রের সিসি ক্যামেরা স্থাপন। | বিভিন্ন ভোট কেন্দ্রে | ২,০০,০০০/- | |
| ০২ | এলেঙ্গা পৌরসভায় ০৬ ওয়ার্ডে হলপাড় হইতে এলেঙ্গা কাচা বাজার রোড এবং বাগান বাড়ী রোডে স্ট্রিট লাইট স্থাপন। | ০৬ | ৩,৫০,২৭৫.৯৭/- | |
| ০৩ | এলেঙ্গা পৌরসভায় ০৬ নং ওয়ার্ডে পুরাতন ভুয়াপুর রোডে কলেজ মোড় গোল চত্বরে ফলক নির্মানসহ সৌন্দর্য বর্ধন। | ০৬ | ৪,০০,০০০/- | |
| ০৪ | এলেঙ্গা পৌরসভায় ০৬ নং ওয়ার্ডে এলেঙ্গা বাসস্ট্যান্ড সংলগ্ন নতুন কাচা বাজার অভিমুখী রাস্তা HBB করন। | ০৬ | ৪,০০,০০০/- | |
| ০৫ | এলেঙ্গা পৌরসভায় ০৯ নং ওয়ার্ডে শহর আলীর বাড়ী হইতে শাহাদৎ আলীর বাড়ী পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন করন। | ০৯ | ২,০০,০০০/- | |
| | | | সর্বমোট = ১৫,৫০,২৭৫.৯৭ | |

কথায় ঃ (পনের লক্ষ পঞ্চাশ হাজার দুইশত পচাত্তর দশমিক নয় সাত) টাকা মাত্র।

০৫/০২/২০২৬
(মোঃ সবুজ হোসেন)
সহকারী প্রকৌশলী
এলেঙ্গা পৌরসভা, টাঙ্গাইল।

০৫/০২/২৬
(সায়েদা খানম লিজা)
প্রশাসক
এলেঙ্গা পৌরসভা, টাঙ্গাইল।

অনুমোদিত

মোঃ আকতারুজ্জামান
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
টাঙ্গাইল।

শরীফা হক
জেলা প্রশাসক
টাঙ্গাইল।